চুয়াডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান জরিমানা আদায়

চুয়াডাঙ্গা সদর উপজেলায় সরোজগঞ্জ বাজার ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালনা করা হয়েছে। চুয়াডাঙ্গা সদর উপজেলার নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মুহাম্মদ সাদিকুর রহমানের নেতৃত্বে ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালনা করা হয়।

শনিবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা সরোজগঞ্জ বাজার এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করে স্বাস্থ্যবিধি না মানার অপরাধে দন্ডবিধি ১৮৬০ এর ১৮৮ ধারায় ৩টি প্রতিষ্ঠানকে সর্বমোট ১৫০০/-(এক হাজার পাঁচশত টাকা মাত্র) অর্থদন্ড প্রদান করেন এ সময় চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোহাম্মদ সাদিকুর রহমান বলেন স্বাস্থ্যবিধি না মানলে সকলকে আইনের আওতায় এনে শাস্তি প্রদান করা হবে ও জরিমানা করা হবে এবং নয় মাইল পশুহাটের স্বাস্থ্য বিধি পর্যবেক্ষণ করেন এবং সাধারণ মানুষদের মাঝে মাস্ক বিতরণ করেন। মোবাইল কোর্ট পরিচালনায় সহযোগিতায় করেন মোঃ সোবহান আলী, পেশকার, মোবাইল কোর্ট ও অফিস সহায়ক। জনস্বার্থে এ অভিযান চলতে থাকবে জানিয়েছেন তিনি।

ঐতিহ্যবাহী বারাদী ছাগল হাটে আমদানী থাকলেও ক্রেতা কম

মেহেরপুর সদর উপজেলার বারাদীর ঐতিহ্যবাগী ছাগল হাটে করোনার কারণে ক্রেতা কম দেখা গেছে। তবে চাহিদা অনুযাযী শনিবার হাটে হাজার খানেক বিভিন্ন আকারের ছাগল নিয়ে গিয়েছিলেন বিক্রেতারা। এর মধ্যে ৭শ ছাগল বিক্রি হয়েছে বাকি ৩শ ছাগল ক্রেতার অভাবে ফিরিয়ে নিয়ে গেছেন বিক্রেতারা।

অথচ ঈদুল আজহা কে সামনে রেখে মেহেরপুরের বারাদী বাজার সংলগ্ন

ঐতিহ্যবাহী ছাগলের হাটে শেষ সময়ে ক্রেতা- বিক্রেতা জমজমাট থাকে।

কোরবানির বাজারে দেশের বিভিন্ন জেলা ও অঞ্চল থেকে মেহেরপুরের ব্ল্যাক বেঙ্গল ছাগল কিনতে ব্যাপারিরা ভিড় করে থাকেন। মেহেরপুর জেলাতে পশু হাট হিসেবে সর্বপ্রথম বারাদী ছাগলের হাট প্রতিষ্ঠিত হয়। যার বয়স শত বছর পেরিয়ে গেছে। এতদিনে বারাদি ছাগল হাটের কদর কমেনি একবিন্দুও। সারা বছরজুড়েই সপ্তাহের শনি ও বুধবার ক্রেতা বিক্রেতায় ভরপুর থাকে হাটটি। প্রতি বছর এসময়ে ব্লাক বেঙ্গল ছাগল কিনতে ঢাকা, চট্টগ্রাম, সিলেট, বরিশাল, খুলনা, রাজশাহী, ফরিদপুর, রাজবাড়ি থেকে জেলার ব্ল্যাক বেঙ্গল ছাগল কিনতে ব্যাপারিরা ভিড় করতেন। ট্রাকবোঝায় করে কিনে নিয়ে গিয়ে বিক্রি করতেন দেশের বিভিন্ন জেলায়। এ বছর করোনার কারণে বিক্রেতারা তাদের খামার বা বাড়িতে পালিত ছাগল নিয়ে হাটে গিয়ে বিক্রি না হওয়ায় ফিরিয়ে নিয়ে আসতে হচ্ছে।

করোনার কারণে ক্রেতা কম থাকলে হাটে দেখা গেছে গাদাগাদি করে চলাফেরার দৃশ্য। অধিকাংশরাই স্বাস্থ্যবিধি মানছেন না। মাস্ক পড়ছেন না। আবার কেউ কেউ মাস্ক থুতনির নিচে দিয়ে রেখেখেন।

ছাগল বিক্রেতা আব্দুল হান্নান বলেন, ৫টি ছাগল নিয়ে এসেছিলাম। ক্রেতার অভাবে ২টি ছাগল বিক্রি করতে না পেরে ফেরৎ নিয়ে যাচ্ছি।

হাট কমিটির সভাপতি রফিকুল ইসলাম বলেন, শনিবারের হাটে প্রায় হাজার খানেক ছাগল আমদানী হয়েছিল। এর মধ্যে ৭শ বিক্রি হয়েছে। করোনার কারণে ক্রেতার অভাবে বাকি ছাগলগুলো বিক্রি হয়নি। তিনি বলেন, সকল ক্রেতা বিক্রেতা ও দর্শনার্থীদের স্বাস্থ্যবিধি মানা, মাস্ক ব্যবহারের জন্য আমরা প্রচার করছি। এরপরেও অনেক ক্রেতা এবং বিক্রেতা মাস্ক ব্যবহার করছে না ।

মেহেরপুরে উপবৃত্তির টাকা

আত্মসাতে বদহজম দোকানীর !

মেহেরপুরে সদর উপজেলার রামনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা গায়েব করেও হজম করতে পারলেন না বিকাশ দোকানী। অভিভাবকদের চাপের মুখে গ্রাম্য সালিশের মাধ্যমে শিক্ষার্থীদের ফেরত দিতে হয় উপবৃত্তির নগদ অর্থ। এর আগেও এমন ঘটনায় স্থানীয়দের অনেকের টাকা নানা অজুহাতে হাতিয়ে নেয়ার অভিযোগ করেন স্থানীয়রা। বিকাশ দোকানীর প্রতারণা বন্ধসহ বিকাশ কোম্পানীর এজেন্ট বাতিলের দাবীও জানান স্থানীয় ভুক্তভোগীরা।

জানাগেছে, মেহেরপুরপুর সদর উপজেলার রামনগর কলোনীপাড়ার আয়শা টেলিকমের মালিক আতাউর রহমান রামনগর সরকারি প্রাথকি বিদ্যালয়ের শিক্ষার্থীদের অভিভাবকদের কাছ থেকে গোপন পিন নাম্বার(পাসওয়ার্ড) জেনে তুলে নেন ৪০ হাজার টাকা। অভিভাবকরা ওই বিকাশের দোকানে টাকা তুলতে গেলে অভিভাবকদের বলা হয় বিকাশে কোনো টাকা আসেনি, আপনারা এবছর টাকা পাবেননা ।

অভিভবকরা বিষয়টি বিদ্যালয়ের প্রধান শিক্ষক রওশানারা খাতুনকে জানালে তিনি বিষয়টি খোঁজ নিয়ে দেখেন প্রতিটি শিক্ষার্থীদের মোবাইলে টাকা প্রেরণ করা হয়েছে এবং তা উত্তোলন করা হয়েছে। এনিয়ে কয়েকদিন আগে রামনগর গ্রামের মাতব্বরদের নিয়ে সালিশ হয়। সালিশে দোকান মালিক আতাউর রহমান ঘটনার সত্যতা স্বিকার করে টাকা ফেরত দেবার জন্য ৫ দিনের সময় নেন। পাঁচ দিন পর শিক্ষার্থীদের ৪০ হাচার টাকা ফেরত দিতে বাধ্য হন প্রতারক দোকানী আতাউর রহমার।

স্থানীয় আবদুল আলীম নামের এক শিক্ষার্থী অভিভাবক জানান, আমাদের মোবাইলে ম্যাসেজ আসলে আমরা আয়শা টেলিকম আতাউরের দোকানে টাকা তুলতে যায়। আতাউর বলে আপনাদের টাকা আসেনি। পরে দেখি সে আমার কাছ থেকে পাসওয়ার্ড জেনে নিয়ে মোবাইল টিপে বলে আপনার ব্যালেন্স শুন্য। পরে বিষয়টি প্রধান শিক্ষককে জানায়।

আরেক অভিভাবক জাহিুল ইসলাম বলেন, আমি টাকা তুলতে গেলে আমার হাত থেকে মোবাইলটা নিয়ে বলে তোমার টাকা নেই। এমনিতে চার শত টাকা নিয়ে যাও। বিষয়টি সন্দেহ হলে অন্য দোকানদারকে মোবাইল টা দেখায়। তিনি বলেন, কিছুক্ষণ আগে আপনার মোবাইলে থেকে ৯০০ টাকা নেয়া হয়েছে। আমি গ্রাম্য মাতব্বরদের অভিযোগ করার সাথে সাথে বিদ্যালয়ের সমস্ত শিক্ষার্থীর বাবা মায়েরা তাদের মোবাইল নিয়ে

আসেন এবং তা পরিক্ষা করে দেখেন তারে সাথে টাকা তুলে নেয়া হয়েছে। পরে গ্রাম্যশালিশের মাধ্যমে বিভিন্ন শিক্ষার্থীদের ৪০ হাজার টাকা ফেরত দেবার শর্তে তা মিমাংসা করা হয়।

এবিষয়ে আয়শা টেলিকমের মালিক আতাউর রহমান বলেন, ওদের টাকা বিকাশ একাউন্টে না এসে ব্যালেন্সে জমা হওয়ায় আমি বুঝতে পারিনি।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক রোশনারা ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, বিষয়টি ধামা চাপা দেবার চেস্টা করলেও তা পারেনি । আমরা দ্রত তাকে চাপ দিয়ে যার যার টাকা তাদের ফিরিয়ে দিয়েছি। তবে এসকল প্রতারক দোকানদারদের বিকাশ এজেন্ট বাতিল না করলে প্রতারণা বাড়বে বলেও মন্তব্য করেন এই শিক্ষক।

গাংনীতে ৩৩৩ নাম্বারে ফোন করে ওরা পেল প্রধানমন্ত্রীর খাদ্য উপহার

মেহেরপুরের গাংনী উপজেলা প্রশাসনের উদোগে ৩৩৩ নাম্বারে ফোন করে খাদ্য সহায়তা চেয়ে আবেদন করী দরিদ্র মানুষের মাঝে প্রধানমন্ত্রীর প্রেরিত উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে। আজ শনিবার দুপুর বারটার সময় গাংনী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে এ উপহার সামগ্রী বিতরণ করা হয়। জেলা প্রশাসনের তত্ববধানে গাংনী উপজেলা প্রশাসন ও প্রকল্প বাস্তবায়ন অফিস বিতরণ কাজ বাস্তবায়ন করেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা মস্তফা জামান, গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তী, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা প্রমুখ।
প্রতিটি পরিবারের জন্য চাল,ডাল, আলু তেল, লবন, চিনি, সেমাই, ইত্যাদি।

বিভিন্ন সময় ৩৩৩ নাম্বারে ফোন করে খাদ্য সহায়তা চেয়ে আবেদন করেন

অনেক দরিদ্র মানুষ।
ওই সকল আবেদনকারি ১৭০ জনকে এ খাদ্য উপহার প্রদান করা হয়।
খাদ্য উপহার নিতে আসা বয়োবৃদ্ধ আবু জাফর বলেন, লকডাউনের সময় আমি অনেকের কাছে সাহায্য চেয়েছি কিন্তু পাইনি। অবশেষে একজনের সহায়তায় আমাকে ৩৩৩ নাম্বারে ফোন দিয়ে খাবার চাইতে হয়। পরে আজ আমাকে উক্ত মোবাইলে কল করে এখানে ডেকে নিযে এক বস্তা খাদ্য সামগ্রী দিয়ে এক অফিসার বলেন আপনার জন্য মাননীয় প্রধানমন্ত্রী অনন্দের সাথে ঈদ করতে খাবার পাঠিয়েছেন। আমি অনেক ধন্যবাদ জানায় শেখ হাসিনা সরকারকে। আমার মত অনেকেই খাবার চেয়ে ৩৩৩ নাম্বারে ফোন দিয়ে সহায়তা চেয়ে এখানে এসছেন।
৩৩৩ নাম্বার আমাদের মত অসহায় মানুষের জন্য সব সময় পাশে থাকলে আমরা না খেয়ে থাকবোনা বলে জানান আরজিয়া খাতুন।

মেহেরপুর জেলা প্রশাসক ডা.মুনসুর আলম খান বলেন, দরিদ্র মানুষ যেন কোনভাবেই না খেয়ে থাকে সে জন্যই বর্তমান সরকার ৩৩৩ নাম্বার চালু করেছেন। এপর্যন্ত যারা আবেদন করেছেন তাদের কেই বাদ যায়নি খাদ্য সহায়তা চেয়ে। এ উদ্যোগ একটি দেশের দরিদ্র মানুষের জন্য প্রয়োজনীয় উদ্যোগ।

কুষ্টিয়ায় করোনায় আরও ১১ জনের মৃত্যু

কুষ্টিয়ায় করোনায় আক্রান্ত হয়ে আরও ১১ জনের মৃত্যু হয়েছে। কুষ্টিয়া ডেডিকেটেড হাসপাতালের করোনা ইউনিটে তাদের মৃত্যু হয়। এর মধ্যে করোনায় সাতজন ও উপসর্গে চারজনের মৃত্যু হয়েছে।

শনিবার (১৭ জুলাই) সকালে হাসপাতালের পরিসংখ্যান কর্মকর্তা মো. মেজবাউল আলম এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি বলেন, গত ২৪ ঘণ্টায় পিসিআর ল্যাবে জেলায় ২৮০ টি নমুনা পরীক্ষার বিপরীতে নতুন করে ৮৮ জনের করোনা শনাক্ত হয়েছে।

শনাক্তের হার ৩১ দশমিক ৪২ ভাগ। নতুন শনাক্তদের মধ্যে কুষ্টিয়া সদরে ৬২ জন, দৌলতপুরে তিনজন, কুমারখালীতে তিনজন, মিরপুরে ১৭ জন ও খোকসায় তিনজন রয়েছেন।

মো. মেজবাউল আলম বলেন, বর্তমানে ২৮৫ জন রোগী হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এর মধ্যে করোনা আক্রান্ত রোগীর সংখ্যা ২১৮ জন ও উপসর্গ নিয়ে ভর্তি রয়েছেন আরও ৬৭ জন।

এ নিয়ে জেলায় করোনায় আক্রান্তের সংখ্যা গিয়ে দাঁড়ালো ১১ হাজার ৭৬২ জনে। এর মধ্যে সুস্থ হয়েছেন সাত হাজার ৫২৫ জন। মৃতের সংখ্যা গিয়ে দাঁড়িয়েছে ৩৮৭ জনে।

মেহেরপুরে আরও ২৭ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৪

মেহেরপুরে নতুন করে ২৭ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ১৯ জন, গাংনীতে ৪ জন, মুজিবনগর ৪ জন।

শুক্রবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ২২৪টি। তারমধ্যে ৫৩ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৭৮৯ জন। তার মধ্যে সদরে ২৩৭ জন, গাংনীতে ৪৪৩ জন এবং মুজিবনগরে ১০৯ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ৯২ জন । মৃতদের মধ্যে সদরে ৪০ জন, গাংনী ৩২ জন ও মুজিবনগরে ২০ জন।

এসময় তিনি সবাইকে সামাজিক দূরত্ব, নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস, মাস্ক ব্যবহার, জনসমাগম এড়িয়ে এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যবিধি মেনে চলার আহবান জানান।

মেহেরপুর জেলা বিএনপি’র উদ্যোগে করোনা হেল্প সেন্টার উদ্বোধন

মেহেরপুর জেলা বিএনপি’র উদ্যোগে করোনা পরিস্থিতি মোকাবেলায় মানবিক কার্যক্রম হিসেবে করোনা হেল্প সেন্টারের উদ্বোধন করা হয়েছে।
শুক্রবার বিকাল ৫ টার সময় মেহেরপুর জেলা বিএনপি’র কার্যালয়ের সামনে করোনা হেল্প সেন্টারের উদ্বোধন করা হয়।
করোনা হেল্প সেন্টারের উদ্বোধন করেন মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

করোনাকালীন সময়ে অসহায় মানুষের পাশে থাকার লক্ষ্যে বিএনপি’র এই উদ্যোগ। ফোন দিলেই অক্সিজেন সেবা, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার সহ প্রাতিষ্ঠানিক আইসোলেশন ব্যবস্থা এবং খাদ্য সহায়তা বাসায় পৌঁছে যাবে।

এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর বিএনপি’র সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির সহ-সভাপতি ও পৌরডভার সাবেক চেয়ারম্যান আব্দুর রহমান, দপ্তর সম্পাদক আবু সুফিয়ান হাবু, পিরোজপুর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান সামছুল আলম খান, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ প্রমুখ।

ছাত্রলীগ নেতার বিরুদ্ধে ছাগল

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

বাহিনীর সদস্য রনি আটক

সন্ত্রাসী ও নাশকতা কর্মকান্ড চালানোর খবর পেয়ে র্যাব-৬ রনি আহম্মেদ (৩১) নামে এক সন্ত্রাসীকে অস্ত্রসহ আটক করেছে। রনি ঝিনাইদহ সদর উপজেলার সাধুহাটী গ্রামের শরিফুল ইসলামের ছেলে ও পান্তাপাড়া গ্রামের লাল্টু বাহিনীর সদস্য।

এ সময় তার কাছ থেকে দেশীয় তৈরি একটি ওয়ান শুটারগান, তিন রাউন্ড গুলি, একটি মোবাইল সেট ও দুইটি সিমকার্ড উদ্ধার করা হয়। ঝিনাইদহ র্যাবের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয় ১৪ জুলাই মধ্যরাতে খবর পেয়ে ঝিনাইদহ সদর উপজেলার সাধুহাটী গ্রামের হারেজ মোড় থেকে তাকে আটক করা হয়। কোন কিলিং মিশন বাস্তাবায়নের জন্য রনি সেখানে অপেক্ষা করতে পারে বলে র্যাবের সুত্রগুলো জানায়।

গাংনীর মহাম্মদপুরে বৃদ্ধ’র আত্মহত্যা

মেহেরপুরের গাংনী উপজেলার মহাম্মদপুর গ্রামে আলী আকুব্বর (৬৫) নামের এক বৃদ্ধ’ অভাব অনটনের জ্বালা সইতে না পেরে গলায় গামছা পেঁচিয়ে আত্মহত্যা করেছেন।
আজ শুক্রবার সকাল ৮টার দিকে বাড়ির অদূরে আম বাগানে গলায় গামছা পেঁচিয়ে আত্মহত্যা করে। তিনি ওই গ্রামের বাগানপাড়ার মৃত আককুব আলীর ছেলে।
স্থানীয়রা জানান পারিবারিক দ্বন্দ্ব-কলহ ও অভাবের তাড়নায় সে আত্মহত্যা করেছে।
গাংনী থানার ওসি বজলুর রহমান জানান ঘটনার সত্যতা নিশ্চিত করেন। ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। আত্মহত্যার কারনে ইউডি মামলা হবে।